

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২১.৩৯

তারিখ: ৫ মাঘ ১৪২৯

১৯ জানুয়ারি ২০২৩

বিষয়: মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত রিট পিটিশন (নং ১৫৬৯৮/২০২২ এবং ৮৪৩২/২০২২) মামলাসমূহ পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যোৎসাহীর বিরুদ্ধে জাতীয় বিশ্ববিদ্যালয়ের গভর্নিংবডি ও মাউশি অধিদপ্তরের নির্দেশনা না মানা/গভর্নিংবডির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১.	৮৪৩২/২০২২	তালন্দ ললিত মোহন ডিগ্রী কলেজ, তানোর, রাজশাহী-এর নতুন গভর্নিংবডির দুইজন বিদ্যোৎসাহীর বিরুদ্ধে জাতীয় বিশ্ববিদ্যালয়ের গভর্নিংবডি (সংশোধিত) সংবিধি ২০১৯, ৪ এর (গ), (জ) ও ৪ (৩) এর (vii) উপধারা এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিপত্রের ১ ও ২ নং নির্দেশনাবলী পালন না করার অভিযোগ সংক্রান্ত।	জনাব মোঃ পিয়ারুল হক, সাবেক কাউন্সিলর, ১ নং ওয়ার্ড, তানোর পৌরসভা, রাজশাহী।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ভাইস উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং মহাপরিচালক, মাউশি অধিদপ্তরসহ মোট ০৯ (নয়) জন।	রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং মহাপরিচালক, মাউশি অধিদপ্তর
২.	১৫৬৯৮/২০২২	রাজবাড়ী ডিগ্রী কলেজ, নেছারাবাদ (স্বরূপকাঠি), পিরোজপুর-এর গভর্নিংবডির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন সংক্রান্ত।	জনাব মোঃ মাহবুব আলম, নেছারাবাদ, পিরোজপুর গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ মোট ০৬ (ছয়) জন।	রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়

২.০ এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত রিট পিটিশন নং-৮৪৩২/২০২২ এবং ১৫৬৯৮/২০২২ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটা বেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৯-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

বিতরণ :


- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,
শিক্ষা ভবন, ঢাকা।
- ২) রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২১.৩৯/১(৩)

তারিখ: ৫ মাঘ ১৪২৯
১৯ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



১৯-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব